গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০২৩.২৭.০২২.১৭-২৯৮

তারিখ: ০৭ কার্তিক ১৪২৬
২৩ অক্টোবর ২০১৯

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: মিজানুর রহমান, সহকারী প্রোগ্রামার, কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকায় কর্মরত থাকাবস্থায় জনাব মো: জহিরুল ইসলাম খান, পিতা-মৃত মো: আনোয়ার আলী খান, মাতা-মাহমুদা বেগম, জাতীয় পরিচয় পত্র নং-২৬৯৪৮০৯৯২১৪৯৭, বর্তমান ঠিকানা-(১) ৭১, গোলারটেক, মিরপুর, ঢাকা-১২১৬, (২) ম্যানেজার (কর্মাশিয়াল), তামিশনা গ্রুপ, বাড়ী নং-৬৫, শাহ মাগদুম এভিনিউ, সেক্টর-১২, উত্তরা, ঢাকা-১২৩০-কে কর্তৃপক্ষের কোনরূপ অনুমতি ব্যতিরেকে কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা এর তিনটি নথির নোটাংশের অংশ বিশেষ প্রদান করেন। জাতীয় রাজস্ব বোর্ডের গত ২৭ -০৩-২০১৭ তারিখের অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর প্রেক্ষিতে এ বিভাগের ০৫-০৪-২০১৭ তারিখে ৩৬৮ নম্বর স্মারকের মাধ্যমে জনাব মো: মিজানুর রহমান, সহকারী প্রোগ্রামার-কে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়।

০২। যেহেতু, এ বিভাগ কর্তৃক তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগবিবরণী ও অভিযোগনামা প্রেরণপূর্বক কারণ দর্শাতে বলা হলে তিনি ব্যক্তিগত শুনানী চান। গত ২১-০৫-২০১৭ তারিখে ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানীতে জনাব মো: মিজানুর রহমান এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য গত ১২-০৭-২০১৭ তারিখে জনাব মোহাম্মদ জাকির হোসেন, উপ-পরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

০৩। যেহেতু, গত ১০-০৬-২০১৮ তারিখে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন।

০৪। যেহেতু, আইন কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা গত ২৩-০৯-২০১৯ তারিখে জনাব মো: মিজানুর রহমান, সহকারী প্রোগ্রামার নির্দোষ মর্মে মতামত ব্যক্ত করেন।

০৫। সেহেতু, জনাব মো: মিজানুর রহমান, সহকারী প্রোগ্রামার (সাময়িক বরখাস্ত), কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) ধারায় বর্ণিত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানসহ জনাব মো: মিজানুর রহমান-কে চাকুরি থেকে সাময়িক বরখাস্ত সংক্রান্ত (প্রজ্ঞাপন নম্বর: ০৮.০০.০০০০.০৩৬.২৭.০২২.১৭-৩৬৮, তারিখ: ০৫-০৪-২০১৭) এতদ্বারা প্রত্যাহার করা হলো।

০৬। তাঁর সাময়িক বরখাস্তকালীন সময় চাকুরিকাল হিসেবে গণ্য হবে এবং তিনি বিধি মোতাবেক সকল ভাতা ও সুবিধাদি প্রাপ্য হবেন।

০৭। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
২১/১০/২০১৯ খ্রি:
(মো: মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি)
সিনিয়র সচিব